মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,সিলেট
www.sylhetboard.gov.bd
কলেজ শাখা

স্মারক নম্বর: ৩৭.১৪.৯১০০.৩০০.৪০.০৪৪.১৯.৭৭

তারিখ: ২৬ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: পাঠদানের প্রাথমিক অনুমতির মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।**

সূত্র: WMC/Admin/2025/986. Date- 06/01/2025

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে 'উইমেন্স মডেল কলেজ' (EIIN-136284), সিলেট সদর, সিলেট-এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহের পাঠদানের প্রাথমিক অনুমতির মেয়াদ ৩০/০৬/২০২৬খ্রি. পর্যন্ত বৃদ্ধি করা হলো।

আবশ্যিক বিষয়সমূহঃ ১। বাংলা ২। ইংরেজী ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।

(ক) বিজ্ঞান শাখায় বিষয়সমূহ: ১। পদার্থবিজ্ঞান ২। রসায়ন ৩। জীববিজ্ঞান ৪। উচ্চতর গণিত।

(খ) মানবিক শাখার বিষয়সমূহ : ১। অর্থনীতি ২। পৌরনীতি ও সুশাসন ৩। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৪। সমাজবিজ্ঞান ৫। যুক্তিবিদ্যা।

(গ) ব্যবসায় শিক্ষা শাখার বিষয়সমূহ: ১। হিসাব বিজ্ঞান ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ৩। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ৪। গার্হস্থ্য বিজ্ঞান।

শর্তাবলিঃ

১। একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতিকালীন আরোপিত শর্তসমূহ কঠোরভাবে পালন ও পূরণ করতে হবে।
২। অবিলম্বে নিজস্ব ভূমিতে অবকাঠামো নির্মাণ করে নিজস্ব ক্যাম্পাসে কলেজের কার্যক্রম পরিচালনা করতে হবে।
৩। পাঠদানের প্রাথমিক অনুমতির মেয়াদ বৃদ্ধির ফলে সরকারের উপর কোন ধরনের আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না।
৪। পাঠদানের প্রাথমিক অনুমতির মেয়াদ বৃদ্ধিকে কোন অবস্থাতেই একাডেমিক স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না।.
৫। বেসরকারি উচ্চ মাধ্যমিক পর্যায়ের কলেজের ক্ষেত্রে প্রযোজ্য অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
৬। যথাযথভাবে পাঠ পরিকল্পনা প্রণয়ন ও প্রয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং মাল্টিমিডিয়া প্রজেক্টরসহ শ্রেণিকক্ষে আধুনিক শিক্ষা উপকরণ ব্যবহার করতে হবে।
৭। শিক্ষা মন্ত্রনালয়, শিক্ষা বোর্ড ও যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত বিধিবিধান কঠোরভাবে পালন করতে হবে।
৮। যে কোন সময় 'পাঠদানের প্রাথমিক অনুমতি' বাতিল বা স্থগিত করার ক্ষমতা অত্র শিক্ষা বোর্ড সংরক্ষণ করে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০৯-০২-২০২৫
প্রফেসর ড. সৈয়দ মোয়াজ্জম হুসেন
কলেজ পরিদর্শক

অধ্যক্ষ
উইমেন্স মডেল কলেজ, সিলেট সদর, সিলেট।

স্মারক নম্বর: ৩৭.১৪.৯১০০.৩০০.৪০.০৪৪.১৯.৭৭/১ (৫)

তারিখ: ২৬ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।